

## ছেলেধরা সন্দেহে গণপিটুনিতে নিহত ৫: আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর গভীর উদ্বেগ

সম্প্রতি ছেলেধরা সন্দেহে গণপিটুনিতে ৫ জন নিহত এবং বিভিন্ন জেলায় বেশ কয়েকজন আহত হওয়ার ঘটনায় আইন ও সালিশ কেন্দ্র (আসক) গভীর উদ্বেগ জানাচ্ছে। আসক, প্রশাসনের কাছে এ ঘটনাগুলো দ্রুততার সাথে তদন্ত করে আইনানুগ ব্যবস্থা নেয়ার জোর দাবি রাখছে। পাশাপাশি আসক এ প্রবণতা রোধে দ্রুততার সাথে প্রয়োজনীয় সকল ধরনের ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের কাছে দাবি জানাচ্ছে।

বিভিন্ন গণমাধ্যমসূত্রে জানা গেছে, 'পদ্মা সেতু নির্মাণে মানুষের মাথা লাগবে' এমন এক গুজবকে কেন্দ্র করে দেশের বিভিন্ন স্থানে সম্প্রতি ছেলেধরা সন্দেহে গণপিটুনির ঘটনা ঘটেছে। এ প্রবণতায় আসক গভীরভাবে উদ্বেগিত। আসক মনে করে, হঠাৎ করে মারাত্মক আকার ধারণ করা এসব ঘটনায় জনমনে আতঙ্ক তৈরি হচ্ছে, নাগরিক নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে এবং সর্বোপরি দেশে অস্থিরতা তৈরি হচ্ছে। আসক দৃঢ়ভাবে উল্লেখ করতে চায়, বিচারে দোষী সাব্যস্ত হওয়ার আগ পর্যন্ত প্রতিটি ব্যক্তি নির্দোষ বলে প্রতীয়মান হবার অধিকার রাখে। তাছাড়া প্রতিটি মানুষের আইনের আশ্রয়লাভের অধিকার সংবিধানে স্পষ্টভাবে স্বীকৃত রয়েছে। ইতোমধ্যে পুলিশ সদর দপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে গুজবের বিষয়ে সবাইকে সতর্ক থাকতে বলা হয়েছে। বিবৃতিতে গণপিটুনি ফৌজদারি অপরাধ এবং এর সাথে জড়িতদের তদন্ত সাপেক্ষে আইনের আওতায় আনা হবে বলে ঘোষণা করা হয়েছে। আমরা আশা করবো, পুলিশ পরিস্থিতি বিচেনায় সতর্কতা বজায় রাখবে এবং দ্রুততার সাথে সংঘটিত ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার নিশ্চিত করবে। আসক জনসচেতনতা বৃদ্ধিতে বিভিন্ন ধরনের কর্মসূচি গ্রহণ করবে।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC  
7/17, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.O. Box: 3252, Tel: +88-02-8100192, 8100195, 8100197, Fax: +88-02-8100187  
Email: ask@citechco.net, Website: www.askbd.org